# উদ্ভাবনী উদ্যোগের দৃষ্টান্ত

# হাউজহোল্ড লিস্টিং সিস্টেম

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

# ১. উদ্ভাবনী উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ


জনশুমারি ও গৃহগণনা কার্যক্রম একটি জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়। প্রতি ১০ (দশ) বছর অন্তর অন্তর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক জনশুমারি সংক্রান্ত এ কার্যক্রমটি পরিচালিত হয়ে আসছে। সে হিসেবে আসন্ন ২০২১ সালে অনুষ্ঠিত হতে যাচ্ছে পরবর্তী জনশুমারি ও গৃহগণনা কার্যক্রম। সঠিকভাবে জনশুমারির তথ্য সংগ্রহ অত্যন্ত গুরুত্বপূর্ণ কেননা জনশুমারির ফলাফলের ওপর নির্ভর করে অন্যান্য জনতাত্ত্বিক জরিপের সঠিক ফলাফল। এছাড়া, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এর ১৬টি সূচকের তথ্য সরাসরি এবং ৯৭টি সূচকের ডিনোমিনেটর এই শুমারি থেকে পাওয়া যাবে।

"জনশুমারি ও গৃহগণনা প্রকল্প-২০২১" এর তথ্য সংগ্রহ কার্যক্রম সময়, অর্থ ও শ্রম কমিয়ে ডিজিটাইজড পদ্ধতিতে সম্পাদনের লক্ষ্যে বিবিএস-এর "জনশুমারি ও গৃহগণনা প্রকল্প-২০২১" এর "লিস্টিং কার্যক্রমে মোবাইল অ্যাপস ব্যবহারের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর আইসিটি উইং "Household Listing System" নামে একটি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করেছে। এ বিভাগের তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগের আইসিটি উইং কোন অর্থ ব্যয় ব্যতিরেকেই উক্ত "Household Listing System" নামে ২টি মোবাইল অ্যাপ্লিকেশন ও একটি ওয়েব অ্যাপ্লিকেশন প্রস্তুত করেছে। মোবাইল অ্যাপ্লিকেশন দুটির মধ্যে একটি ব্যবহৃত হবে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রকারী তথা গণনাকারী কর্তৃক এবং অপরটি গণনাকারীদের সুপারভাইজার কর্তৃক। সুপারভাইজারগণ গণনাকারী কর্তৃক প্রেরিত তথ্য যাচাইবাছাই পূর্বক অনুমোদন অথবা বাতিল করতে পারবেন। বাতিলকৃত তথ্য সংশোধনের জন্য গণনাকারীর কাছে ফেরত যাবে যা গণনাকারী সংশোধন পূর্বক পুনরায় সুপারভাইজারের কাছে অনুমোদনের জন্য পাঠাবেন। ওয়েব অ্যাপ্লিকেশনটি সুপারভাইজার ও গণনাকারীর রেজিস্ট্রেশন সহ সার্বিক কার্যক্রম তদারকিতে ব্যবহৃত হবে যার দায়িত্বে থাকবে অত্র বিভাগের আইসিটি উইং।

এই উদ্ভাবনটি পাইলটিং হিসেবে ৩২টি নমুনা এলাকায় গত ১৫-১৮ জানুয়ারি, ২০২০ তারিখে সফলতার সাথে বাস্তবায়িত হয়েছে। এই উদ্ভাবনী উদ্যোগটি ব্যবহারের ফলে আইসিআর ভিত্তিক পেপারবেইজড ম্যানুয়াল লিস্টিং কার্যক্রমের যাবতীয় প্রতিবন্ধকতা এড়ানো সম্ভব হবে এবং সদর দপ্তর, বিভাগীয় কার্যালয় ও জেলা পরিসংখ্যান অফিস হতে মাঠ পর্যায়ের লিস্টিং কার্যক্রম পর্যবেক্ষণ করা যাবে। উদ্যোগটির বাস্তবায়ন সফল হলে পরবর্তীতে সারাদেশে এই প্রক্রিয়ার মাধ্যমে "জনশুমারি ও গৃহগণনা -২০২১" এর শুমারি ও গৃহগণনা কার্যক্রমের যাবতীয় তথ্য খুব দ্রুত সংগ্রহ করা সম্ভব হবে এবং এতে সরকারী অর্থ সাশ্রয়সহ তথ্য সংগ্রহের সময় ও শ্রম অনেক কমে আসবে।

# ২. উদ্ভাবনী উদ্যোগের ডিজাইন

## ২.১ প্রসেস ম্যাপ




মোট ধাপঃ ৬
সময়ঃ শুমারি/লিস্টিং কার্যাক্রম সমাপ্তির পরবর্তি ১-২দিন

১ P: এডমিন
T: ১-২ মিনিট

২ P: সুপারভাইজার ও গণনাকারী
T: ২-৩ মিনিট

৩ P: তথ্য প্রদানকারী
T: ৩-৪ মিনিট

৪ P: গণনাকারী
T: ৩০-৬০ সেকেন্ড

৫ P: সুপারভাইজার
T: ১-২ মিনিট

৬ P: এডমিন
T: ১-২ দিন

## ২.২ ধাপ ভিত্তিক কার্যক্রম

| ধাপ সমূহ | কার্যক্রম | বর্ণনা |
|---|---|---|
| ১ | এডমিন কর্তৃক সুপারভাইজার ও গণনাকারীর রেজিস্ট্রেশন সম্পাদন এবং এসএমএসের মাধ্যমে অ্যাপের লিংক ও পাসওয়ার্ড প্রেরণ | এই ধাপে এডমিন ওয়েব অ্যাপ্লিকেশনের মাধ্যমে সুপারভাইজার ও গণনাকারীদের স্ব স্ব জিও কোড অনুযায়ী তাদের রেজিস্ট্রেশন সম্পাদন করবেন এবং তাদের মোবাইল নাম্বারে অ্যাপের লিঙ্ক ও পাসয়ার্ড সংবলিত এসএমএস প্রদান করবেন। |
| ২ | সুপারভাইজার ও গণনাকারী কর্তৃক এসএমএস গ্রহণ, অ্যাপ ডাউনলোড, অ্যাপে লগইন কার্যক্রম সম্পাদন | সুপারভাইজার ও গণনাকারীগণ এডমিন কর্তৃক প্রদত্ত এসএমএস এ প্রাপ্ত লিংক ব্যবহার করে অ্যাপ্লিকেশন ডাউনলোড করে যথাযথ স্থানে নিজ মোবাইল নাম্বার ও পাসয়ার্ড দিয়ে লগইন কার্যক্রম সম্পাদন করবেন। |
| ৩ | গণনাকারী কর্তৃক খানার তথ্য সংগ্রহ | গণনাকারীগণ  তাদের জন্য নির্ধারিত এলাকায় গিয়ে মোবাইল অ্যাপ্লিকেশন ব্যবহার করে খানার তথ্য সংগ্রহ করবেন। |
| ৪ | সুপারভাইজারের নিকট সংগ্রহকৃত/ সংশোধনকৃত তথ্য  প্রেরণ | গণনাকারীগণ সংগ্রকৃত খানার তথ্য রিভিউর জন্য সুপারভাইজারের নিকট প্রেরণ করবেন। সুপারভাইজার কর্তৃক রিভিউ সম্পাদনের পর কোন খানার তথ্য সংশোধনের জন্য ফেরত আসলে গণনাকারী তা সংশোধনপূর্বক পুনরায় তা সুপারভাইজারের নিকট প্রেরণ করবেন। গণনাকারীগণ সুপারভাইজারের নিকট তথ্য প্রেরণের পর কোনো তথ্য সংশোধন করতে পারবেন না। |
| ৫ | সুপারভাইজার কর্তৃক তথ্য পর্যালোচনা, সঠিক তথ্য সমূহ অনুমোদন এবং অসামঞ্জস্য তথ্য সংশোধনের জন্য গণনাকারীর নিকট প্রেরণ। | সুপারভাইজারগণ তাদের অধীনস্থ গণনাকারী কর্তৃক প্রেরিত খানার তথ্য সমূহ রিভিউ করবেন। যে সকল তথ্য সঠিক মনে হবে তা তিনি অনুমোদন করবেন আর যে সকল তথ্য অসামঞ্জস্য মনে হবে তা সংশোধনের জন্য গণনাকারীর নিকট প্রেরণ করবেন। গণনাকারী কর্তৃক সংশোধনপূর্বক তথ্য প্রেরণের পর সুপারভাইজার তা রিভিউ করে অনুমোদন করবেন। |
| ৬ | সার্ভারে তথ্য সংরক্ষণ ও  রিপোর্ট প্রকাশ | সুপারভাইজার কর্তৃক অনুমোদিত সকল তথ্য সার্ভারে সংরক্ষিত হবে এবং এডমিন প্রয়োজন অনুযায়ী তাৎক্ষণিক ভাবে যেকোনো রিপোর্ট প্রকাশ করবেন |

## ২.৩ জনবলের সম্পৃক্ততার ভিত্তিতে কার্যক্রম বিশ্লেষণ

| জনবল (পদবি/পরিচিতি) | কার্য/দায়িত্ব |
|---|---|
| এডমিন (সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামার, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার,সহকারি প্রোগ্রামার) , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ) | ধাপ ১: জিও কোড অনুযায়ী ওয়েব অ্যাপ্লিকেশনের মাধ্যমে সুপারভাইজার ও তাদের অধিনস্ত গণনাকারীদের রেজিস্ট্রেশন সম্পাদন এবং অ্যাপ্লিকেশন লিংক ও পাসওয়ার্ড সংবলিত এসএসএস প্রদান।<br><br>ধাপ ৬: ডাটা রক্ষণাবেক্ষণ ও লিস্টিং কার্যক্রম শেষে সব ধরনের রিপোর্ট সরবরাহ করবেন। |
| সুপারভাইজার (বিবিএস এ কর্মরত কর্মকর্তা অথবা বিবিএস কর্তৃক নিয়োগকৃত জনবল) | ধাপ ২: এডমিন কর্তৃক প্রদত্ত এসএমএস গ্রহণপূর্বক এসএমএস এ প্রদত্ত লিংক এ ক্লিক করে তার জন্য নির্ধারিত অ্যাপ্লিকেশন ডাউনলোড করবেন। এরপর অ্যাপে প্রবেশ করে নিজ মোবাইল নাম্বার ও এডমিন কর্তৃক এসএমএস এ প্রদত্ত পার্সওইয়ার্ড দিয়ে লগ ইন কার্যক্রম সম্পাদন করবেন।<br><br>ধাপ ৫: গণনাকারী কর্তৃক প্রেরিত খানার তথ্য রিভিউ করবেন। যে সকল তথ্য সঠিক মনে হবে তা অনুমোদন করবেন এবং যে সকল তথ্য অসামঞ্জস্য মনে হবে তা সংশোধনের জন্য গণনাকারীর নিকট প্রেরণ করবেন । |
| গণনাকারী (বিবিএস কর্তৃক নিয়োগকৃত জনবল) | ধাপ ২: এডমিন কর্তৃক প্রদত্ত এসএমএস গ্রহণপূর্বক এসএমএস এ প্রদত্ত লিংক এ ক্লিক করে তার জন্য নির্ধারিত অ্যাপ্লিকেশন ডাউনলোড করবেন। এরপর অ্যাপে প্রবেশ করে নিজ মোবাইল নাম্বার ও এডমিন কর্তৃক এসএমএস এ প্রদত্ত পার্সইয়ার্ড দিয়ে লগ ইন কার্যক্রম সম্পাদন করবেন।<br><br>ধাপ ৩: নির্ধারিত এলাকায় গিয়ে খানার তথ্য সংগ্রহ ও তা সংরক্ষণ করবেন।<br><br>ধাপ ৪: নতুন সংগ্রকৃত তথ্য স্ব স্ব সুপারভাইজারের নিকট প্রেরণ। সুপারভাইজার তথ্য রিভিউ করার পর যদি কোন তথ্য সংশোধনের জন্য ফেরত পাঠায় তা সংশোধন পূর্বক পুনরায় সুপারভাইজারের নিকট প্রেরণ। |

# ৩. হাউজহোল্ড লিস্টিং সিস্টেম ও বিদ্যমান পদ্ধতি

## ৩.১ বিদ্যমান পদ্ধতি

বর্তমানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বিভিন্ন শুমারি/লিস্টিং কার্যক্রমে আইসিআর ভিত্তিক পেপারবেইজড ম্যানুয়াল পদ্ধতি ব্যবহার করছে। এই পদ্ধতির ধাপগুলো এবং প্রতিটি ধাপে প্রয়োজনীয় সময় নিম্নে দেয়া হল।

মোট ধাপঃ ১৩
সময়ঃ শুমারি/লিস্টিং কার্যাক্রম সমাপ্তির পরবর্তি প্রায় ১ বছর

১ নমুনা প্রশ্নাবলীর নকশা প্রণয়ন (সময়ঃ ১-২ দিন)
↓
২ দরপত্র বিবরণী প্রস্তুতি (সময়ঃ ১৪ দিন)
↓
৩ দরপত্রঃ EOI (Exression of Interest) এবং RFP(Request for Proposal) (সময়ঃ ৭০দিন)
↓
৪ দরপত্র মূল্যায়ন (সময়ঃ ১৪ দিন)
↓
৫ প্রশ্নাবলীর স্ক্যানিং পরীক্ষা এবং ভেন্ডরের সাথে চূড়ান্তকরণ (সময়ঃ ৭ দিন)
↓
৬ প্রশ্নপত্র মূদ্রণ (সময়ঃ ২১ দিন)
↓
৭ প্রশ্নপত্র ফিল্ড অফিসারদের বিতরণ (সময়ঃ ৭ দিন)
↓
৮ শুমারি/লিস্টিং কার্যক্রম (সময়ঃ ১০দিন)
↓
৯ প্রশ্নপত্র সংগ্রহ (সময়ঃ ৭দিন)
↓
১০ প্রশ্নপত্র স্ক্যান করার জন্য প্রস্তুতকরণ (সময়ঃ ১৪দিন)
↓
১১ প্রশ্নপত্র স্ক্যানিং,ক্যাপচারিং এবং সংশোধন (সময়ঃ ৯-১০ মাস)
↓
১২ ডেটা ক্লিনিং এবং ট্যাবুলেশন প্রস্তুতি (সময়ঃ ২ মাস)
↓
১৩ রিপোর্ট প্রস্তুতি ও প্রকাশ (সময়ঃ ৭ দিন)

## ৩.২ হাউজহোল্ড লিস্টিং সিস্টেম ও বিদ্যমান পদ্ধতির মধ্যে তুলনা

| আলোচ্য বিষয় | হাউজহোল্ড লিস্টিং সিস্টেম | বিদ্যমান পদ্ধতি |
|---|---|---|
| ১। সম্পূর্ণ কার্যক্রমে ধাপ সংখ্য | ৬ টি | ১৩ টি |
| ২। তথ্য সংগ্রহের পদ্ধতি | মোবাইল অ্যাপ্লিকেশন ব্যবহার করে ডিজিটাল পদ্ধতিতে তথ্য সংগ্রহ করা হয় | নির্ধারিত প্রশ্নপত্রের ফর্মে হাতে পূরণ করে তথ্য সংগ্রহ করা হয় |
| ৩। মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহের সময়কাল | গণনাকারী ও সুপারভাইজারগণ লিস্টিং/শুমারি কার্যক্রম চলাকালীন সময়েই তথ্য প্রেরণ করতে পারেন তাই তথ্য সংগ্রহে অতিরিক্ত কোনো সময়ের প্রয়োজন হয় না। | ৭ দিন |
| ৪। প্রশ্নপত্র স্ক্যানিং,ক্যাপচারিং এবং সংশোধন | ডিজিটাল পদ্ধতিতে তথ্য সংগ্রহ হয় বিধায় প্রয়োজন হয় না। | পেপারবেইজড ম্যানুয়াল পদ্ধতি বিধায় প্রয়োজন হয়। |
| ৫। শুমারি/লিস্টিং এ তথ্য সংগ্রহ কার্যক্রম সমাপ্তি হতে রিপোর্ট প্রকাশের সময়কাল | সর্বোচ্চ ১-২ দিন | প্রায় ১ বছর |
| ৬। সদর দপ্তর, বিভাগীয় কার্যালয় ও জেলা পরিসংখ্যান অফিস হতে মাঠ পর্যায়ের লিস্টিং কার্যক্রম পর্যবেক্ষণ | হাউজহোল্ড লিস্টিং সিস্টেমের ওয়েব অ্যাপ্লিকেশনের ম্যাপিং ব্যবহার করে সদর দপ্তর, বিভাগীয় কার্যালয় ও জেলা পরিসংখ্যান অফিস হতে মাঠ পর্যায়ের লিস্টিং কার্যক্রম পর্যবেক্ষণ করা সম্ভব। | সম্ভব নয় |
| ৭। জনবল | ডিজিটাল পদ্ধতি বিধায় জনবলের প্রয়োজনীয়তা অনেকাংশে হ্রাস পায়। | পেপারবেইজড ম্যানুয়াল পদ্ধতি বিধায় অধিক জনবলের প্রয়োজন হয়। |
| ৮। খরচ | প্রাথমিক অবস্থায় সম্পূর্ণ সিস্টেম স্থাপনে খরচ বেশি হলেও দীর্ঘ মেয়াদে এর খরচ অনেকটা কমে আসে। আর সিস্টেম একবার স্থাপন করা গেলে ভবিষ্যতে অনুষ্ঠিত সকল শুমারি/লিস্টিং কার্যক্রমে ব্যবহার করা যাবে। এতে সময় ও খরচ দুটিই সাশ্রয় হবে। | ম্যানুয়াল পদ্ধতি বিধায় প্রতিটি শুমারি/লিস্টিং কার্যক্রমে প্রচুর অর্থের প্রয়োজন হয়। ফলে দীর্ঘ মেয়াদে এর খরচ বেশি হয়। |


# ৪. হাউজহোল্ড লিস্টিং সিস্টেম ব্যবহার নির্দেশিকা

## ৪.১ গণনাকারী অ্যাপের ব্যবহার নির্দেশিকা

### ড্যাশবোর্ড

**মেন্যুবার বাটন সমূহ**

- → গণনাকারীর রেজিস্ট্রেশন
- → নতুন খানার তথ্য
- → সার্ভারে তথ্য প্রেরণ
- → খানার তালিকা
- → ড্যাশবোর্ড রিফ্রেশ




- এপ্লিকেশন ভার্সন
- এপ্লিকেশন বন্ধের বাটন
- এপ্লিকেশনটি গণনাকারীর জন্য প্রযোজ্য
- রেজিস্ট্রেশনের অনুরোধ, রেজিস্ট্রেশনের পর এখানে গণনাকারীর নাম প্রদর্শিত হবে
- মোট গণনাকৃত খানার সংখ্যা প্রদর্শিত হবে
- সার্ভারে প্রেরণকৃত মোট খানার সংখ্যা প্রদর্শিত হবে

# ৪.১ গণনাকারী অ্যাপের ব্যবহার নির্দেশিকা

## গণনাকারীর রেজিস্ট্রেশন





লগইন/রেজিঃ এর জন্য ক্লিক করুন




গণনাকারী নিজ মোবাইল নাম্বার ও এডমিন কর্তৃক এসএমএস এর মাধ্যমে প্রদত্ত পাসওয়ার্ড দিয়ে LOGIN বাটনে ক্লিক করবেন

- লগইন বাটন ক্লিক করার পর গণনাকারীর তথ্যসমূহ দৃশ্যমান হবে এবং রেজিস্ট্রেশন সম্পন্ন হবে।
- রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পরেই গণনাকারী খানার তথ্য সংগ্রহ করতে পারবেন।
- এখন **CLOSE** বাটনে ক্লিক করে ড্যাশবোর্ডে ফিরে যান।




বিশেষ ক্ষেত্রে গণনাকারীর সুপারভাইজার/এলাকা পরিবর্তিত হলে **SYNCH** বাটনে ক্লিক করে হালনাগাদকৃত তথ্য দেখতে পাবেন ।


# ৪.১ গণনাকারী অ্যাপের ব্যবহার নির্দেশিকা

## নতুন খানার তথ্য সংগ্রহ

নতুন খানার তথ্য সংগ্রহের জন্য এখানে ক্লিক করুন




- সঠিক গণনা এলাকা নম্বর সিলেক্ট করুন
- খানার পূর্ণাঙ্গ ঠিকানা, খানার ধরন ও খানা প্রধানের নাম পূরণ করে **NEXT** বাটনে ক্লিক করুন।




উপরে অবস্থিত **HH#1*(1/3)** কোডের ব্যাখ্যাঃ
1⟶ গণনাকৃত খানার সংখ্যা প্রদর্শিত হচ্ছে
* ⟶ নতুন খানার তথ্য সংগৃহীত হচ্ছে, এই চিহ্ন না থাকার অর্থ হল খানাটি আপডেট করা হচ্ছে।
(1/3)⟶তিনটি ধাপের প্রথম ধাপ সম্পন্ন হচ্ছে

মৌজার জিও কোড এবং গ্রাম/মহল্লার জিও কোড স্বয়ংক্রিয়ভাবে পূরণ হয়ে যাবে। তবে গণনাকারী যদি একাধিক মৌজা/গ্রাম/মহল্লায় নিযুক্ত থাকেন সেক্ষেত্রে তা নিজে পূরণ করে নিতে হবে।


কোন খানার তথ্য সংগ্রহ করতে গিয়ে যদি খানার সদস্য অনুপস্থিত থাকেন তবে খানার ক্রমিক নাম্বার বজায় রাখার নিমিত্তে গণনাকারী এই পৃষ্টার তথ্যসমূহ পূরণ করে SAVE & SKIP বাটনে ক্লিক করবেন। পরবর্তি কোনো সময়ে এসে খানার সদস্য হতে বাকি তথ্যসমূহ সমগ্র করে এই খানার তথ্য সমগ্রহের কাজ শেষ করবেন।

# ৪.১ গণনাকারী অ্যাপের ব্যবহার নির্দেশিকা

## নতুন খানার তথ্য সংগ্রহ




- খানা প্রধানের মাতার নাম ও খানা প্রধানের পিতার/স্বামীর নাম পূরণ করে NEXT বাটনে ক্লিক করুন




- **বিদেশে অবস্থানরত খানার সদস্য সংখ্যাঃ** এখানে বিদেশে অবস্থানরত খানার সদস্য সংখ্যা পূরণ করুন।
- **খানায় বিদেশি নাগরিক সদস্য সংখ্যাঃ** এখানে খানায় অবস্থানরত বিদেশি নাগরিকের সংখ্যা পূরণ করুন।
- **খানার মোট সদস্য সংখ্যাঃ** এখানে খানার মোট সদস্য সংখ্যা পূরণ করুন।
- খানার তথ্য প্রদানকারী সদস্য পরবর্তী জনশুমারিতে কি মাধ্যমে (সরাসরি সাক্ষাতকার/ড্রপ অ্যান্ড পিক/টেলিফোনিক সাক্ষাতকার) তথ্য প্রদানে ইচ্ছুক তা পূরণ করুন।
- এরপর REVIEW বাটনে ক্লিক করুন।




- সংগ্রহকৃত তথ্যের রিভিউ দেখুন এবং সবকিছু সঠিক হলে SAVE বাটনে ক্লিক করুন, অন্যথায় PREV বাটনে ক্লিক করে তথ্য সংশোধন করুন।
- তথ্য সংশোধন সম্পন্ন হলে পুনরায় REVIEW বাটনে ক্লিক করে রিভিউ দেখুন এবং সবকিছু সঠিক হলে SAVE বাটনে ক্লিক করুন।

# ৪.১ গণনাকারী অ্যাপের ব্যবহার নির্দেশিকা

## খানার তালিকা

পূর্বের তথ্য সংগ্রহকৃত খানার তালিকা দেখার জন্য এখানে ক্লিক করুন




- গণনাকৃত খানার
- সার্ভারে প্রেরিত খানার সংখ্যা
- পূর্বে Save & Skip কৃত খানার সংখ্যা

✓ পূর্বের তথ্য সংগ্রহকৃত সকল খানার তালিকা প্রদর্শিত হবে।

✓ কোন খানার বিস্তারিত তথ্য দেখার জন্য ঐ খানার নামের উপর ক্লিক করুন।




✓ প্রয়োজন অনুযায়ী তথ্য হালনাগাদ করুন।


✓ সবশেষে **UPDATE** বাটনে ক্লিক করুন।




- → নতুন খানা যা সার্ভারে প্রেরণ করা হয়নি
- → খানা যা সার্ভারে প্রেরণ করা হয়েছে
- → সুপারভাইজার কর্তৃক বাতিলকৃত খানা যা সংশোধন করা হয়নি
- → সংশোধকৃত কিন্তু সার্ভারে প্রেরণ করা হয়নি এরূপ খানা
- → SAVE & SKIP কৃত খানার

# ৪.১ গণনাকারী অ্যাপের ব্যবহার নির্দেশিকা


## খানার তথ্য সার্ভারে প্রেরণ




ডাটা সার্ভারে সফলভাবে প্রেরিত হলে একটি পুশ নটিফিকেশন আসবে




খানার তথ্য সার্ভারে প্রেরণের জন্য এখানে ক্লিক করুন




সার্ভারে তথ্য প্রেরণের জন্য নিশ্চিত হলে **YES** অপশনে ক্লিক করুন অন্যথায় **NO** অপশনে ক্লিক করুন




রিফ্রেশ বাটনে ক্লিক করে ড্যাশবোর্ডে মোট গণনাকৃত খানার সংখ্যা ও সার্ভারে প্রেরণকৃত মোট খানা সংখ্যা দেখুন।

মোট গণনাকৃত খানার সংখ্যা

সার্ভারে প্রেরণকৃত মোট খানার সংখ্যা


তথ্য সার্ভারে সফল ভাবে প্রেরিত হলে এই মেসেজটি দৃশ্যমান হবে অন্যথায় FAIL লেখা প্রদর্শিত হবে।এখন পাশে অবস্থিত ক্রস চিহ্নে ক্লিক করে মেসেজটি বন্ধ করুন


**খানার তথ্য সার্ভারে প্রেরণের পর কোন তথ্য সংশোধনযোগ্য নয়**

# ৪.১ গণনাকারী অ্যাপের ব্যবহার নির্দেশিকা

## সুপারভাইজার কর্তৃক বাতিলকৃত খানার তথ্য সংশোধন




বাতিলের কারন সম্পর্কিত সুপারভাইজারের মন্তব্য প্রদর্শিত হবে




- ✓ গণনাকারী কর্তৃক প্রেরিত খানার তথ্য সুপারভাইজারের নিকট অসামঞ্জস্য মনে হলে তা তিনি পুনরায় গণনাকারীর নিকট ফেরত পাঠাবেন।
- ✓ খানার তথ্য সংশোধনের জন্য ফেরত আসলে ড্যাশবোর্ডে একটি Review বাটন প্রদর্শিত হবে, তথ্য সংশোধনের জন্য বাটনের উপর ক্লিক করুন।

- ✓ তথ্য সংশোধনের জন্য খানার নামের উপর ক্লিক করুন


- ➢ এখন সুপারভাইজারের মন্তব্য অনুযায়ী তথ্য সংশোধন করে সর্বশেষ ধাপে UPDATE বাটনে ক্লিক করুন
- ➢ এখন পূর্বের মত তথ্য সার্ভারে প্রেরণ করুন
- ➢ রিফ্রেশ বাটনে ক্লিক করে ড্যাশবোর্ডে হালনাগাদকৃত তথ্য দেখুন

# ৪.১ গণনাকারী অ্যাপের ব্যবহার নির্দেশিকা


## গণনাকারী কর্তৃক লিস্টিং কার্যক্রমের সমাপ্তি ঘোষনা




সকল খানার তথ্য সংগ্রহ ও তা সুপারভাইজারের নিকট প্রেরণের পর লিস্টিং কার্যক্রম সমাপ্তি ঘোষণার জন্য এখানে ক্লিক করুন




নিশ্চিত হলে YES বাটনে, অন্যথায় NO বাটনে ক্লিক করুন








লিস্টিং কার্যক্রম সফলভাবে সমাপ্ত হয়েছে তা প্রদর্শিত হবে

# ৪.২ সুপারভাইজার  অ্যাপের ব্যবহার নির্দেশিকা

## ড্যাশবোর্ড

**মেন্যুবার বাটন সমূহ**


- সুপারভাইজারের রেজিস্ট্রেশন
- খানার তালিকা
- ড্যাশবোর্ড রিফ্রেশ
- সার্ভারে তথ্য প্রেরণ





- এপ্লিকেশন ভার্সন
- এপ্লিকেশন বন্ধের বাটন
- এপ্লিকেশনটি সুপারভাইজারের জন্য প্রযোজ্য
- সুপারভাইজারের অধীনস্থ গণনাকারীর সংখ্যা প্রদর্শিত হবে
- গণনাকারী কর্তৃক মোট গণনাকৃত খানার সংখ্যা প্রদর্শিত হবে
- সুপারভাইজার কর্তৃক ভেরিফাইডকৃত খানার সংখ্যা প্রদর্শিত হবে
- রিভিউ করা হয়েছে কিন্তু সার্ভারে প্রেরিত হয়নি এধরনের খানার সংখ্যা

# ৪.২ সুপারভাইজার অ্যাপের ব্যবহার নির্দেশিকা


## সুপারভাইজারের রেজিস্ট্রেশন




লগইন/রেজিস্ট্রেশনের জন্য ক্লিক করুন




- সুপারভাইজার নিজ মোবাইল নাম্বার ও এডমিন কর্তৃক এসএমএস এর মাধ্যমে প্রদত্ত পাসওয়ার্ড দিয়ে **LOGIN** বাটনে ক্লিক করবেন।




বিশেষ ক্ষেত্রে সুপারভাইজারের অধীনস্থ গণনাকারী/এলাকা পরিবর্তিত হলে **SYNCH** বাটনে ক্লিক করে হালনাগাদকৃত তথ্য দেখতে পাবেন ।

- লগইন বাটন ক্লিক করার পর সুপারভাইজারের তথ্যসমূহ দৃশ্যমান হবে এবং রেজিস্ট্রেশন সম্পন্ন হবে।
- রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পরেই সুপারভাইজার পরবর্তী কার্যক্রম শুরু করতে পারবেন।
- এখন **CLOSE** বাটনে ক্লিক করে ড্যাশবোর্ডে ফিরে যান।

# ৪.২ সুপারভাইজার  অ্যাপের ব্যবহার নির্দেশিকা

## রেজিস্ট্রেশন পরবর্তী ড্যাশবোর্ড




গণনাকারী কর্তৃক প্রেরিত সকল খানার তথ্য  দেখার জন্য এখানে ক্লিক করুন

রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর সুপারভাইজারের নাম প্রদর্শিত হচ্ছে।

সুপারভাইজারের অধীনে মোট গণনাকারী রয়েছেন তা নির্দেশ করছে

গণনাকারী কর্তৃক মোট কতটি খানার তথ্য সংগ্রহ করা হয়েছে তা নির্দেশ করছে


সুপারভাইজার কর্তৃক মোট কতটি  খানার তথ্য ভেরিফাই করা হয়েছে তা নির্দেশ করছে।

সুপারভাইজার কর্তৃক বাতিলকৃত কিন্তু সার্ভারে প্রেরণ করা হয়নি  এরূপ  খানার সংখ্যা


সুপারভাইজার কর্তৃক অনুমোদনকৃত কিন্তু সার্ভারে প্রেরণ করা হয়নি এরূপ খানার সংখ্যা

# ৪.২ সুপারভাইজার  অ্যাপের ব্যবহার নির্দেশিকা

## খানার তালিকা




RELOAD
বাটনে ক্লিক করুন





**RV** দ্বারা সুপারভাইজার কর্তৃক ভেরিফাইকৃত খানার সংখ্যা নির্দেশিত হচ্ছে

**HH** দ্বারা গণনাকারী কর্তৃক প্রেরিত খানার সংখ্যা নির্দেশিত হচ্ছে

1/2 দ্বারা বোঝানো হচ্ছে গণনাকারী কর্তৃক প্রেরিত খানার সংখ্যা ২টি এবং সুপারভাইজার কর্তৃক ভেরিফাইকৃত খানার সংখ্যা ১টি

- ❑ এখন গণনাকারী কর্তৃক প্রেরিত খানার  তালিকা দেখার জন্য গণনাকারীর নামের উপর ক্লিক করুন

- ❑ যে খানার তথ্য রিভিউ করা হয়নি তার উপর ক্লিক করুন








- → নতুন খানার তথ্য যা রিভিউ করা হয়নি
- → অনুমোদনকৃত ও সার্ভারে প্রেরিত খানার তথ্য
- → বাতিলকৃত খানা যা সার্ভারে প্রেরণ করা হয়নি
- → বাতিলকৃত খানা যা সার্ভারে প্রেরণ করা  হয়েছে
- → সংশোধন পূর্বক গণনাকারী কর্তৃক পুনরায় প্রেরণকৃত খানার তথ্য
- → অনুমোদনকৃত খানা যা সার্ভারে প্রেরণ করা হয়নি

- ❑ রিভিউ করে সবকিছু ঠিক মনে হলে যথাযথ মন্তব্য লিখে **APPROVE** বাটনে ক্লিক করে ডাটা সার্ভারে প্রেরণ করুন।
- ❑ অন্যদিকে কোন তথ্য অসামঞ্জস্য মনে হলে যথাযথ মন্তব্য লিখে **REJECT** বাটনে ক্লিক করে গণনাকারীর নিকট প্রেরণ করুন।

# ৪.২ সুপারভাইজার অ্যাপের ব্যবহার নির্দেশিকা


## খানার তথ্য সার্ভারে প্রেরণ




ডাটা সার্ভারে সফলভাবে প্রেরিত হলে একটি পুশ নটিফিকেশন আসবে




খানার তথ্য সার্ভারে প্রেরণের জন্য এখানে ক্লিক করুন





সার্ভারে তথ্য প্রেরণের জন্য নিশ্চিত হলে **YES** অপশনে ক্লিক করুন অন্যথায় **NO** অপশনে ক্লিক করুন





তথ্য সার্ভারে সফল ভাবে প্রেরিত হলে এই মেসেজটি দৃশ্যমান হবে অন্যথায় FAIL লেখা প্রদর্শিত হবে।এখন পাশে অবস্থিত ক্রস চিহ্নে ক্লিক করে মেসেজটি বন্ধ করুন

# ৪.২ সুপারভাইজার অ্যাপের ব্যবহার নির্দেশিকা


## সুপারভাইজার কর্তৃক লিস্টিং কার্যক্রমের সমাপ্তি ঘোষনা





সকল খানার তথ্য ভেরিফাই ও তা সার্ভারে প্রেরণের পর লিস্টিং কার্যক্রমের সমাপ্তি ঘোষনার জন্য এখানে ক্লিক করুন




নিশ্চিত হলে YES বাটনে, অন্যথায় NO বাটনে ক্লিক করুন





লিস্টিং কার্যক্রম সফলভাবে সমাপ্ত হয়েছে তা প্রদর্শিত হবে

# ৪.৩ হাউজহোল্ড লিস্টিং সিস্টেম ওয়েব অ্যাপ্লিকেশন

## ড্যাশবোর্ড


ম্যাপের মাধ্যমে লিস্টিং কার্যক্রম পর্যবেক্ষণ

গণনাকারী ও সুপারভাইজারদের রেজিস্ট্রেশন




# এডমিন কর্তৃক সুপারভাইজার ও গণনাকারীর রেজিস্ট্রেশন

<u>সুপারভাইজার রেজিস্ট্রেশনঃ</u> সুপারভাইজারের জন্য নির্ধারিত এলাকার তথ্য সমূহ পূরণ করে তাদের রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়। রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর স্বয়ংক্রিয় ভাবে সুপারভাইজারদের মোবাইল নাম্বারে সুপারভাইজার অ্যাপ ডাউনলোড করার লিংক ও অ্যাপে লগইন করার পার্সওয়ার্ড সংবলিত এসএমএস প্রেরিত হয়।




<u>গণনাকারীর রেজিস্ট্রেশনঃ</u> গণনাকারীর জন্য নির্ধারিত এলাকার তথ্য সমূহ পূরণ করে তাদের রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়। রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর স্বয়ংক্রিয় ভাবে গণনাকারীদের মোবাইল নাম্বারে গণনাকারীর অ্যাপ ডাউনলোড করার লিংক ও অ্যাপে লগইন করার পার্সওয়ার্ড সংবলিত এসএমএস প্রেরিত হয়।




এখানে গণনাকারীদের জন্য নির্ধারিত সুপারভাইজারদের নাম সিলেক্ট করা হয়

# ওয়েব অ্যাপ্লিকেশনের মাধ্যমে দেশব্যাপি লিস্টিং কার্যক্রম তদারকি

হাউজহোল্ড লিস্টিং সিস্টেমের ওয়েব অ্যাপ্লিকেশন ব্যবহার করে সদর দপ্তর, বিভাগীয় কার্যালয় ও জেলা পরিসংখ্যান অফিস হতে মাঠ পর্যায়ের লিস্টিং কার্যক্রম পর্যবেক্ষণ করা যাবে। নির্দিষ্ট এলাকার তথ্য দেখার জন্য কাঙ্খিত জিওকোড (বিভাগ/জেলা/থানা/ইউনিয়ন/মৌজা ইত্যাদি) নির্ণয় করে ম্যাপ বাটনে ক্লিক করলেই চিহ্নিত এলাকার কোন কোন স্থানে গণনাকারী তথ্য সংগ্রহ করেছেন তা ম্যাপে দৃশ্যমান হবে এবং গণনাকারী কোন কোন খানার তথ্য সংগ্রহ করেছেন তা দেখা যাবে। এর দ্বারা অফিসে বসেই দেশের যেকোনো স্থানের লিস্টিং/শুমারির কার্যক্রমের সার্বিক অবস্থা তদারকি সম্ভব হবে।

সমগ্র দেশের তথ্য দেখার জন্য ক্লিক করুন


মোট এলাকা

মোট সুপারভাইজার

মোট গণনাকারী

মোট খানার সংখ্যা

খানার মোট সদস্য সংখ্যা




কোন কোন খানার তথ্য গণনাকারী সংগ্রহ করেছেন তা তা এভাবে চিহ্নিত হবে এবং এঁর উপর ক্লিক করলে খানার প্রধাণের নাম দেখা যাবে।




বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপ মহাপরিচালক জবাব ঘোষ সুবব্রত ও  জনশুমারি ও গৃহ গণনা  প্রকল্প ২০২১ এর প্রকল্প পরিচালক জনাব মোঃ জাহিদুল হক সরদার কর্তৃক লিস্টিং কার্যক্রমের পাইলটিং বাস্তবায়নের নিমিত্ত টেকনিক্যাল প্রশিক্ষণের উদ্বোধন






পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সিস্টেম এনালিস্ট  জনাব মোঃ রফিকুল ইসলাম কর্তৃক মাস্টার ট্রেনারদের  মোবাইল অ্যাপ্লিকেশন সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান



জনশুমারি ও গৃহ গণনা প্রকল্প ২০২১ এর লিস্টিং কার্যক্রমের পাইলটিং এ মোবাইল অ্যাপ্লিকেশনের মাধ্যমে খানার তথ্য  সংগ্রহ করছেন একজন গণনাকারী



পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার জনাব মোঃ নূরুল আলম কর্তৃক জনশুমারি ও গৃহ গণনা প্রকল্প  ২০২১ এর লিস্টিং কার্যক্রমের পাইলটিং এ মোবাইল অ্যাপ্লিকেশনের মাধ্যমে খানার তথ্য সংগ্রহের কার্যক্রম সরজমিনে পরিদর্শন।

# ধন্যবাদ

## অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট টিম

মোহাম্মদ রফিকুল ইসলাম, সিস্টেম এনালিস্ট, এসআইডি
০১৭০৯৬৫১৬৯৪, analyst@sid.gov.bd

প্রকৌশলী মুঃ ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার, এসআইডি
০১৭১৭১২৪৩১২, muradwg@gmail.com

মির্জা মোহাম্মদ আশরাফুল মুনিম, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, এসআইডি
০১৫৫৪৩২১০৭৫, ict2@sid.gov.bd

এফ, এম, আয়াতুল্লাহ আল-নোমান, সহকারী পোগ্রামার, এসআইডি
০১৭২১১৬০৮৩৩, ict1@sid.gov.bd